



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)

স্মারক নং- ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৯.১২- ৭১১

তারিখ: ০৬/৮/২০২১ খ্রী:

Nahar Agro Complex Limited.  
Jhautala Bazar, Khulshi, Chittagong.  
(Farm's Address: Akilpur, Bashbaria, Sitakundo, Chattogram).

বিষয় : ১ (এক) দিন বয়সী প্যারেণ্টস্টক মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : Nahar Agro Complex Limited এর ১৮/০৭/২০২১ খ্রী: তারিখের আবেদন পত্র।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে কানাডা হতে ১(এক) দিন বয়সী Lohmann Brown Classic Parentstock লেয়ার জাতের ২৬,৮৮০টি (ছাব্বিশ হাজার আট শত) মুরগীর বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আগামী ০৯/১১/২০২১ খ্রী: তারিখের মধ্যে আমদানী করার অনুমতি প্রদান করা হলো:

শর্তসমূহ:

০১. অনুমোদিত সকল প্যারেণ্টস্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
০২. বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩(তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন ও একটি প্রতিবেদন দাখিল করবেন।
০৩. বাচ্চা দেশে পৌঁছার পর-পরই কমপক্ষে ৩(তিন) টি বাচ্চা সহকারী পরিচালক, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকার মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/আইন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
০৪. অনুমোদিত সকল প্যারেণ্টস্টক বিমানযোগে আমদানী করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট ব্যবহার করা যাবে না।
০৫. বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে-মাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
০৬. বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদপত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
০৭. রপ্তানীকারক দেশ/সংশ্লিষ্ট State-এ Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায়-দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
০৮. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারবেন।
০৯. সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
১০. মুরগীর বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭ দিন পূর্বে কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা-কে অবহিত করতে হবে।



(ডা. পল্লব কুমার দত্ত)

উপপরিচালক (এইচআরডি)

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

E-mail: [adtrainig.dls@gmail.com](mailto:adtrainig.dls@gmail.com)

Nahar Agro Complex Limited.  
Jhautala Bazar, Khulshi, Chittagong.  
(Farm's Address: Akilpur, Bashbaria,  
Sitakundo, Chattogram).

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম।
- ২। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৩। পি,এস,ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এককপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম। হ্যাচারী পরিদর্শনপূর্বক কোয়ারেন্টাইন সময়ের মনিটরিং প্রতিবেদন এবং প্রতি মাসে-মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। কমপক্ষে ৩(তিন) টি বাচ্চা সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ নিশ্চিত: করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা (ডিএলএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।

অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্তসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।